# ৪৭তম বিসিএস লিখিত কোর্স

## বাংলাদেশ বিষয়াবলি

লেকচার-০৪

টপিক: নির্বাহী বিভাগ, আইন বিভাগ এবং বিচার বিভাগ



# সরকারের বিভাগসমূহ



**সরকারের বিভাগসমূহ**

**আইন বিভাগ**

নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা আইন প্রণয়ন করা।

**শাসন/নির্বাহী বিভাগ**

দেশের আইন কার্যকর করে এবং সরকারের বিভিন্ন নীতি প্রণয়ন ও বাস্তবায়ন করে।

**বিচার বিভাগ**

অপরাধীকে আইন প্রয়োগের মাধ্যমে যথাযথ শাস্তি প্রদান, সংবিধানের ব্যাখ্যা দেওয়া ইত্যাদি কাজ করে।

শাসন/নির্বাহী বিভাগ:

- রাজনৈতিক অংশ
  - রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান, অ্যাটর্নি জেনারেল, মন্ত্রিসভার সদস্যগণ, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর উপদেষ্টাগণ
  - রাষ্ট্রের শাসন নীতি নির্ধারণ করেন (Policy Maker)
- অরাজনৈতিক অংশ
  - আমলা/সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ
  - রাষ্ট্রের শাসননীতি ও আইন কার্যকর করেন (Policy Executor)

প্রশ্ন

২। স্বার্থের ভৌগোলিক ব্যবহার করুন।

৫/১০/১৫/20

৫

১০

১৫

20

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (৪৮-৬৪ অনুচ্ছেদ)



| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৪৮** | **রাষ্ট্রপতি**<br>(৩) ৫৬(৩) অনুসারে প্রধানমন্ত্রী এবং ৯৫(১) অনুসারে প্রধান বিচারপতির নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁর অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ করবেন।<br>(৪) কোনো ব্যক্তি রাষ্ট্রপতি নির্বাচিত হবার যোগ্য হবে না যদি তিনি –<br>(ক) পঁয়ত্রিশ বছরের কম বয়স্ক হন। অথবা,<br>(খ) সংসদ-সদস্য নির্বাচিত হবার যোগ্য না হন। অথবা,<br>(গ) কখনও এই সংবিধানের অধীন অভিশংসন দ্বারা রাষ্ট্রপতির পদ হতে অপসারিত হয়ে থাকেন। |
| **অনুচ্ছেদ-৪৯** | ক্ষমা প্রদর্শনের অধিকার |
| **অনুচ্ছেদ-৫০** | **রাষ্ট্রপতি পদের মেয়াদ**<br>(১) রাষ্ট্রপতি কার্যভার গ্রহণের তারিখ হতে পাঁচ বছরের মেয়াদে তাঁর পদে অধিষ্ঠিত থাকবেন।<br>(২) একাদিক্রমে হোক বা না হোক দুই মেয়াদের অধিক রাষ্ট্রপতির পদে কোনো ব্যক্তি অধিষ্ঠিত থাকবেন না।<br>(৩) স্পিকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে রাষ্ট্রপতি স্বীয় পদ ত্যাগ করতে পারবেন। |

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (৪৮-৬৪ অনুচ্ছেদ)

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৫১** | **রাষ্ট্রপতির দায়মুক্তি**<br>রাষ্ট্রপতি তার দায়িত্ব পালন করতে গিয়ে কিংবা অনুরূপ বিবেচনায় কোনো কাজ করে থাকলে বা না করে থাকলে সেই জন্য তাকে কোনো আদালতে জবাবদিহি করতে হবে না। |
| **অনুচ্ছেদ-৫২** | **রাষ্ট্রপতির অভিশংসন**<br>(১) এই সংবিধান লঙ্ঘন বা গুরুতর অসদাচরণের অভিযোগে রাষ্ট্রপতিকে অভিশংসিত করা যাবে।<br>(৪) অভিযোগ বিবেচনার পর মোট সদস্য সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে অভিযোগ যথার্থ বলে ঘোষণা করে সংসদ কোনো প্রস্তাব গ্রহণ করলে প্রস্তাব গৃহীত হবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হবে। |
| **অনুচ্ছেদ-৫৩** | অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ |
| **অনুচ্ছেদ-৫৪** | অনুপস্থিতি প্রভৃতির-কালে রাষ্ট্রপতি-পদে স্পিকার<br>রাষ্ট্রপতি পদ শূন্য হলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে রাষ্ট্রপতি দায়িত্ব পালনে অসমর্থ হলে ক্ষেত্রমত রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত কিংবা রাষ্ট্রপতি পুনরায় স্বীয় কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্পিকার দায়িত্ব পালন করবেন। |

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৫৫** | প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার গঠন |
| **অনুচ্ছেদ-৫৬:** | মন্ত্রিগণ |
| **অনুচ্ছেদ-৫৯** | **স্থানীয় শাসন**<br>(১) আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক একাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হবে।<br>(২) স্থানীয় পর্যায়ে নির্বাচিত ব্যক্তিদের মাধ্যমে গঠিত স্থানীয় সরকারের দায়িত্ব হলো –<br>ক) প্রশাসন ও সরকারি কর্মচারীদের কাজকর্ম পরিচালনা, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;<br>খ) জনশৃঙ্খলা রক্ষা করা; গ) জনগণের কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নয়ন-সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।<br>বি.দ্র. এই অনুচ্ছেদে ক্ষমতার বিকেন্দ্রীকরণ বা Decentralization of Power-ধারণাটি নিয়ে আলোচনা করা হয়েছে। |
| **অনুচ্ছেদ-৬১** | সর্বাধিনায়কতা – বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির ওপর ন্যস্ত হবে। |

মূল্য মডেল

ক) সংমিশ্রণ

খ) মূল্য + PM.

★★

PAV ✓

মূল্য পরিমাপ

৫০

ক) পদ্ধতি

খ) মূল্য + প্রান্তিমূল্য + উপাদান

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৬৩** | যুদ্ধ – সংসদের অনুমতি ব্যতীত যুদ্ধ ঘোষণা করা যাবে না কিংবা প্রজাতন্ত্র কোনো যুদ্ধে অংশগ্রহণ করবেন না। |
| **অনুচ্ছেদ-৬৪** | **অ্যাটর্নি জেনারেল**<br>(১) সুপ্রিম কোর্টের বিচারক হওয়ার যোগ্য এমন কোনো ব্যক্তিকে রাষ্ট্রপতি বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল পদে নিয়োগ প্রদান করবেন।<br>(২) অ্যাটর্নি জেনারেল রাষ্ট্রপতি দ্বারা প্রদত্ত সব দায়িত্ব পালন করবেন।<br>(৩) অ্যাটর্নি জেনারেলের দায়িত্বপালনের জন্য বাংলাদেশের সব আদালতে তাঁর বক্তব্য পেশের অধিকার থাকবে।<br>(৪) রাষ্ট্রপতির সন্তোষানুযায়ী সময়সীমা পর্যন্ত অ্যাটর্নি জেনারেল তাঁর পদে বহাল থাকবেন। অ্যাটর্নি জেনারেল রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক লাভ করবেন। |

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## রাষ্ট্রপতি পদের যোগ্যতা এবং অযোগ্যতা অনুচ্ছেদ ৪৮

- বয়স ৩৫
- নির্বাচিত হবার যোগ্যতা
- রাষ্ট্রপতি পদ হতে অপসারিত হওয়া যাবে না।

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## রাষ্ট্রপতির অপসারণ

ক) অভিশংসনের মাধ্যমে অপসারণ

→ সংবিধান লঙ্ঘন

→ গুরুতর অসদাচরণ

খ) অসামর্থ্যের কারণে অপসারণ

শারীরিক

মানসিক

অসামর্থ্যের কারণে অপসারণ

## রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলি

- Executive Power — শাসন সংক্রান্ত
- Legislative Power — আইন
- Financial Power — অর্থ
- Judicial Power — বিচার
- Miscellaneous Power — বিবিধ

৪৯ → দণ্ড মওকুফ

৫৬(৩) → প্রধানমন্ত্রী নিয়োগ

৬১ → প্রতিরক্ষা সর্বাধিনায়ক

৭২(১) → সংসদ আহবান ও স্থগিত

→ নিয়োগ →

*৮০ → আইন প্রণয়ন

৯৫ → বিচারপতি

Written

আইন (৮০)

১। সংসদ

২। সংসদে পাশ হতে

~~৯৩~~ অধ্যাদেশ (৯৩)

১। রাষ্ট্রপতি

২। সংসদ অনুমোদিত

Order

- রাষ্ট্রপতি পদাধিকারবলে (Ex-officio) প্রধান

১। সকল বাহিনীর প্রধান

২। রেড ক্রিসেন্ট

৩। স্কাউট

৪। বিশ্ববিদ্যালয় (সরকারি)

চ্যান্সেলর

## ❑ প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## প্রধানমন্ত্রী পদাধিকারবলে (Ex-officio) প্রধান

১। ECNEC ও NEC
২। BEZA ও BEPZA
৩। NICAR
৪। BIDA
৫। ... ... ... ... etc.

## ❑ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন দপ্তরসমূহ

১। BEPZA
২। BEZA
৩। BIDA
৪। PPPA
৫। NDI

Preli

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

➢ যে সকল কারণে প্রধানমন্ত্রী ছাড়া অন্য কোনো মন্ত্রীর পদ শূন্য হয়ে যাবে -

→ PM বাদ

→ পদত্যাগ পত্র দাখিল করে

→ সংসদ সদস্য পদে থেকে বাদ

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

- স্থানীয় শাসন

জনপ্রতিনিধি

স্থানীয় শাসন

- গ্রামাঞ্চল
  - ইউনিয়ন
  - উপজেলা
  - জেলা
- শহরাঞ্চল
  - পৌরসভা
  - সিটি কর্পোরেশন

স্থানীয় প্রশাসন

বিভাগীয়

কমিশনার

জেলা

প্রশাসক

উপজেলা

প্রশাসক

৮৯০

## স্থানীয় সরকার সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহের ক্ষমতা

১। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯

২। " " (পৌরসভা) " ২০০৯

৩। " " সিটি কর্পোরেশন " ২০০৯

- তারকাচিহ্নিত প্রশ্ন
- ট্রেজারি বেঞ্চ
- শ্বেতপত্র

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৬৫** | **সংসদ প্রতিষ্ঠা**<br>(১) 'জাতীয় সংসদ' (House of the Nation) নামে বাংলাদেশের একটি সংসদ থাকবে এবং এই সংবিধানের বিধানাবলি সাপেক্ষে প্রজাতন্ত্রের আইন প্রণয়ন ক্ষমতা সংসদের ওপর ন্যস্ত হবে।<br>(২) একক আঞ্চলিক নির্বাচনি এলাকাসমূহ হতে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে আইনানুযায়ী নির্বাচিত ৩০০ সদস্য নিয়ে সংসদ গঠিত হবে। সদস্যগণ 'সংসদ সদস্য' বলে অভিহিত হবেন। |
| **অনুচ্ছেদ-৬৬** | সংসদে নির্বাচিত হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা |
| **অনুচ্ছেদ-৬৭** | সংসদের আসন শূন্য হওয়া |
| **অনুচ্ছেদ-৭০** | **পদত্যাগ ও আসন শূন্য**<br>ক. প্রথমত: তিনি যদি ওই দল থেকে পদত্যাগ করেন তাহলে সংসদে তার আসন শূন্য হয়ে যাবে।<br>খ. দ্বিতীয়ত: তিনি যদি সংসদে ওই দলের বিপক্ষে ভোট প্রদান করেন তাহলে সংসদে তার আসন শূন্য হয়ে যাবে। |
| **অনুচ্ছেদ-৭৪** | স্পিকার ও ডেপুটি স্পিকার |

# পঞ্চম ভাগ: আইনসভা (৬৫-৯৩ অনুচ্ছেদ)

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৭৫** | **কার্যপ্রণালি বিধি, কোরাম প্রভৃতি**<br>(১) এই সংবিধান সাপেক্ষে – (খ) উপস্থিত ও ভোট দানকারী সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে সংসদে সিদ্ধান্ত গৃহীত হবে। তবে সমসংখ্যক ভোটের ক্ষেত্রে তিনি (স্পিকার) নির্ণায়ক ভোট বা কাস্টিং ভোট প্রদান করবেন।<br>(২) কোরাম পূর্ণ করতে অন্তত ৬০ সদস্যের উপস্থিতি থাকতে হয়। |
| **অনুচ্ছেদ-৭৬** | **সংসদের স্থায়ী কমিটিসমূহ**<br>সংসদ-সদস্যদের মধ্য থেকে সদস্য নিয়ে সংসদ নিম্নলিখিত স্থায়ী কমিটি সমূহ নিয়োগ করবেন।<br>(ক) সরকারি হিসাব কমিটি; (খ) বিশেষ অধিকার কমিটি; (গ) সংসদের কার্যপ্রণালি বিধিতে নির্দিষ্ট অন্যান্য স্থায়ী কমিটি। |
| **অনুচ্ছেদ-৭৭** | ন্যায়পাল |
| **অনুচ্ছেদ-৭৯** | সংসদ-সচিবালয় |
| **অনুচ্ছেদ-৮০** | আইন প্রণয়ন পদ্ধতি |

| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৮১** | অর্থবিল |
| **অনুচ্ছেদ-৮৩** | সংসদের আইন ব্যতীত করারোপে বাধা |
| **অনুচ্ছেদ-৮৪** | সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারী হিসাব |
| **অনুচ্ছেদ-৮৭** | বার্ষিক আর্থিক বিবৃতি |
| **অনুচ্ছেদ-৯৩** | অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা |

- জাতীয় সংসদ



উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ❑ সংসদ সদস্য হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা

**যোগ্যতা**

- বাংলাদেশের নাগরিক
- বয়স ২৫ বছর

**অযোগ্যতা**

১। আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত

২। দেউলিয়া ঘোষিত

৩। অন্য দেশের নাগরিক

৪। নৈতিক স্খলন জনিত ফৌজদারি অপরাধে (২ বছর) ৫ বছর অতিক্রান্ত না হলে

৫। লাভজনক পদে থাকলে

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ফ্লোর ক্রসিং

পক্ষে

১। অসাংবিধানিক রাজনৈতিক পরিবর্তন

২। ঘোড়া কেনা বেচা

৩। পরিচালনায় বিঘ্ন

বিপক্ষে

১। ব্যক্তি স্বাধীনতা

২। স্বাধীনভাবে ভোটাধিকার

## আইন প্রণয়ন ও অর্থ-সংক্রান্ত পদ্ধতি

- **বিল (Bill) :** আইনের প্রস্তাব (৮০)

বিল → দফা        উপদফা

আইন → ধারা        উপধারা

## বিল পাশের পদ্ধতিগত প্রকারভেদ

১। সাধারণ বিল

২। সংবিধান সংশোধনী বিল

৩। প্রজাতন্ত্রের অর্থব্যয়/কর আরোপ

## সাধারণ বিল পাশের পদ্ধতি (৮০)

১। বিল প্রস্তাব (First Reading)
→ সদস্য বিল উত্থাপন

২। আলোচনার জন্য প্রেরণ
→ স্থায়ী কমিটি

৩। বিবেচনা ও আলোচনা (Second Reading)
→ দফাওয়ারি আলোচনা ও সংশোধনী

৪। third Reading
→ আলোচনা, ভোট

৫। বিল পাস
→ সংসদে চূড়ান্ত


৬। রাষ্ট্রপতির অনুমোদন

- রাষ্ট্রপতি কর্তৃক সম্মতি প্রদান

→ ১৫ দিনের সম্মতি ✓

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ❑ সম্পূর্ণ আইন প্রণয়ন পদ্ধতির ফ্লোচার্ট-




আইন প্রণয়ন পদ্ধতি

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## অর্থবিল ও অর্থ-সংক্রান্ত বিল

প্রিলি **

- অর্থবিল (৮১)

ক) কর আরোপ, নিয়ন্ত্রণ, রদবদল, মওকুফ / পরিবর্তন

খ) ঋণগ্রহণ, আর্থিক দায় দায়িত্ব সংক্রান্ত আইন সংশোধন

গ) ব্যয়বরাদ্দ

ঘ) সংযুক্ত তহবিলে অর্থ আদায় | প্রদান

## অর্থ-সংক্রান্ত বিল (৮১, ৮২)

৮১(২) — অর্থবিলে ভোট লাগে না

→ জরিমানা / আর্থিক দন্ড

→ লাইসেন্স / রেজিস্ট্রেশন

→ স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ফি / টোল

১৫০০/=

১৬৫০/=

# পঞ্চম ভাগ: আইনসভা (৬৫-৯৩ অনুচ্ছেদ)

আইন

অধ্যাদেশ

# ষষ্ঠ ভাগ : বিচার বিভাগ (৯৪-১১৭ অনুচ্ছেদ)

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

| অনুচ্ছেদ | বিষয়বস্তু |
|---|---|
| ৯৪ (১) | এই অনুচ্ছেদে বলা হয়েছে যে, বাংলাদেশ সুপ্রিম কোর্ট নামে বাংলাদেশে একটি সর্বোচ্চ আদালত থাকবে এবং এই সুপ্রিম কোর্টের দুটি বিভাগ থাকবে। যথা– আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ। |
| ৯৪ (২) | এই অনুচ্ছেদ অনুযায়ী প্রধান বিচারপতি এবং প্রত্যেকটি বিভাগে রাষ্ট্রপতি যতজন বিচারক প্রয়োজনীয় মনে করবেন ততজন বিচারক নিয়ে সুপ্রিম কোর্ট গঠিত হবে। এখানে উল্লেখ্য যে, সংবিধান অনুযায়ী প্রধান বিচারপতি 'বাংলাদেশের প্রধান বিচারপতি' নামে পরিচিত হবেন। |

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, বাংলাদেশে ভারত ও পাকিস্তানের মত আলাদা কোন হাইকোর্ট নেই।
বাংলাদেশে রয়েছে সুপ্রিম কোর্ট যার দুটি বিভাগের একটি হলো হাইকোর্ট বিভাগ এবং অপরটি হলো আপিল বিভাগ।

# ষষ্ঠ ভাগ : বিচার বিভাগ (৯৪-১১৭ অনুচ্ছেদ)



| | |
|---|---|
| **অনুচ্ছেদ-৯৫** | বিচারক নিয়োগ |
| **অনুচ্ছেদ-৯৬** | **বিচারকের পদের মেয়াদ**<br>(১) কোনো বিচারক ৬৭ বছর পূর্ণ হওয়া পর্যন্ত স্বীয় পদে বহাল থাকবেন। |
| **অনুচ্ছেদ-১০০** | সুপ্রিম কোর্টের আসন |
| **অনুচ্ছেদ-১০২** | কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা |
| **অনুচ্ছেদ-১০৮** | 'কোর্ট অব রেকর্ড' রূপে সুপ্রিম কোর্ট |
| **অনুচ্ছেদ-১১৪** | অধস্তন আদালতসমূহ প্রতিষ্ঠা |
| **অনুচ্ছেদ-১১৭** | প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ |

# ষষ্ঠ ভাগ : বিচার বিভাগ (৯৪-১১৭ অনুচ্ছেদ)

## বাংলাদেশের বিচার বিভাগ

- উচ্চতর বিচার বিভাগ (সুপ্রিম কোর্ট)
  - আপিল বিভাগ
  - হাইকোর্ট বিভাগ
- অধস্তন বিচার বিভাগ (নিম্ন আদালতসমূহ)
  - দেওয়ানি আদালত
    - জেলা জজ আদালত
    - অতিরিক্ত জেলা জজ আদালত
    - যুগ্ম জেলা জজ আদালত
    - সিনিয়র সহকারী জেলা জজ আদালত
    - সহকারী জজ আদালত
  - ফৌজদারি আদালত
    - দায়রা আদালত
      - দায়রা জজ আদালত
      - অতিরিক্ত দায়রা জজ আদালত
      - যুগ্ম দায়রা জজ আদালত
    - ম্যাজিস্ট্রেট আদালত
      - চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
        - অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
        - অতিরিক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
        - জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
      - চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালত
        - অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত
        - মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ❑ বিচারপতি নিয়োগ ও অপসারণ

৯৫

৯৬(২)

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ❑ সুপ্রীম কোর্টের এখতিয়ার

**সুপ্রীম কোর্টের এখতিয়ার**

- **হাইকোর্ট বিভাগের এখতিয়ার**
  - আদি এখতিয়ার: মামলা গ্রহণ করার এখতিয়ার।
  - আপিল এখতিয়ার: অধীন কোনো আদালতের মামলা স্বহস্তে গ্রহণ।
  - অন্যান্য এখতিয়ার: অধীনস্থ সকল আদালত ও ট্রাইব্যুনালের ওপর বিচার বিভাগীয় তদারকি ও নিয়ন্ত্রণ।
- **আপিল বিভাগের এখতিয়ার**
  - আপিল এখতিয়ার: দুইভাবে আপিল করা যায়। যথা- অধিকারবলে (As of Right) এবং লিভ টু আপিল (Leave to Appeal)।
  - উপদেষ্টামূলক এখতিয়ার: রাষ্ট্রপতি আইনের কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত চাইলে মতামত প্রদান।

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ❑ রিট পিটিশন

### রিটের প্রকারভেদ

- নিষেধাজ্ঞামূলক রিট (Writ of Prohibition)
- পরমাদেশ বা হুকুমজারি রিট (Writ of Mandamus)
- উৎপ্রেষণ রিট (Writ of Certiorari)
- বন্দি প্রদর্শন রিট (Writ of Habeas Corpus)
- কারণ দর্শাও রিট (Writ of Quo Warranto)

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

- প্রশাসনিক ট্রাইব্যুনাল (১১৭)

উদ্দেশ্য

(ক) সরকারি কর্মচারীদের চাকরী সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি

(খ) পরিবহন, বরখাস্ত / পদোন্নতি শাস্তির বিরুদ্ধে আপিল

(গ) [illegible]

গঠন

→ সংসদ

→ জেলা ও দায়রা জজ

# বিগত সালের বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্নসমূহ

- ‘সংবিধানই বাংলাদেশের সর্বোচ্চ আইন’-ব্যাখ্যা করুন। [৪৪তম বিসিএস]
- সংবিধান অনুসারে হাইকোর্টের একজন বিচারপতিকে অপসারণের প্রক্রিয়া আলোচনা করুন। [৪৪তম বিসিএস]
- সংবিধান অনুযায়ী অর্থবিলে কোন বিষয়াবলি সংবলিত থাকে? কোন মন্ত্রী/মন্ত্রণালয় ইহা প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়ার দায়িত্বপ্রাপ্ত এবং ইহার সার্বিক অনুমোদন প্রক্রিয়া বর্ণনা করুন। [২৯তম বিসিএস]

80
Page-

# BCS কঠিন নয়; প্রস্তুতি যদি গোছানো হয়

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy